ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৬১
আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৫

**প্যারা গেমস এবং আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস উদযাপন**
**যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রীর সভাপতিত্বে প্রস্তুতি সভা**

আগরতলার বাধারঘাটের দশরথ দেব স্টেডিয়ামে খেলো ত্রিপুরা প্যারা গেমস আয়োজন এবং আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস উদযাপনের বিষয়ে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে আজ এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সচিবালয়ের কনফারেন্স হলে আয়োজিত এই সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অতিরিক্ত সচিব ও অধিকর্তা তপন কুমার দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এল ডার্লং, ডিএইচএস এর অধিকর্তা অজিত শুক্লদাস প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রস্তুতি সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা এবং যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্য সরকার দিব্যাঙ্গজনদের কল্যাণে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। দিব্যাঙ্গ ক্রীড়াবিদগণ জাতীয় স্তরে বিভিন্ন প্রতিযোগিতায় সাফল্য দেখিয়ে রাজ্যের সুনাম বৃদ্ধি করেছেন। দিব্যাঙ্গজনদের প্রতিভার বিকাশে খেলো ত্রিপুরা প্যারা গেমস এর আয়োজন করা হচ্ছে। প্রসঙ্গক্রমে তিনি দিব্যাঙ্গজনদের কল্যাণে ভাতা দেওয়া সহ অন্যান্য কল্যাণমূলক প্রকল্পের কথা তুলে ধরেন। আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস এবং প্যারা গেমস আয়োজন সফল করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান।

অতিরিক্ত সচিব তপন কুমার দাস আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস উদযাপন ও প্যারা গেমস আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, প্যারা গেমস এর ১৩টি ইভেন্টে রাজ্যের ৮টি জেলা থেকে ৩০৬ জন ক্রীড়াবিদ অংশ নেবেন। এই সভায় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন সামাজিক সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

******